

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৩

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - কিতাব ও সুন্নাহকে সুদৃঢ়ভাবে আঁকড়ে ধরা

باب الاعتصام بالكتاب والسنة _ الفصل الثاني

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ اللَّهَ لَا يَجْمَعُ أُمَّتِي أَوْ قَالَ: أُمَّةَ مُحَمَّدٍ عَلَى ضَلَالَةٍ وَيَدُ اللَّهِ عَلَى الْجَمَاعَةِ وَمَنْ شَذَّ شَذَّ شَذَّ فِي النَّار . . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

১৭৩-[৩৪] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলা আমার গোটা উম্মাতকে; অপর বর্ণনাতে তিনি বলেছেন, উম্মাতে মুহাম্মাদীকে কখনও পথভ্রম্ভতার উপর একত্রিত করবেন না। আল্লাহ তা'আলার হাত (রহমত ও সাহায্য) জামা'আতের উপর রয়েছে। যে ব্যক্তি জামা'আত থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে, সে বিচ্ছিন্ন হয়ে (অবশেষে) জাহান্নামে যাবে। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] প্রথম অংশটুকু ব্যতীত য'ঈফ। তিরমিয়ী ২১৬৭। কারণ এর সানাদে "সুলায়মান আল্ মাদানী" নামক একজন দুর্বল রাবী রয়েছেন। তবে বেশ কয়েকটি শাহিদ বর্ণনা থাকায় হাদীসের প্রথম অংশটুকু সহীহ। অর্থাৎ- مَنْ شَنَّ فِيْ النَّار شُدُّ فِيْ النَّار) অংশটুকু ব্যতীত বাকীটুকু সহীহ।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আমার উম্মাত কুফর ছাড়া অন্য কোন ভ্রম্ভতার উপর একত্রিত হবে না। অথবা ইজতিহাদী কোন ভুলের উপর অথবা কুফর এবং গুনাহের কাজের উপর একমত হবে না।

হাদীসে বলা হয়েছে জামা'আতবদ্ধদের ওপরে রয়েছে আল্লাহর হাত। অর্থাৎ- জামা'আতবদ্ধ জীবন-যাপনকারীদের ওপর আল্লাহর রহমাত এবং সাহায্য রয়েছে। তারা ভয়-ভীতি ও শংকামুক্ত। তারা ফিরকা বা উপদল হবে না।



অন্যদিকে যে জামা'আত থেকে বিচ্যুত হবে সেই হবে জাহান্নামী।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন